

# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

তারিখঃ ০৪/০৬/২০২৬খ্রিঃ

দপ্তর আদেশ নং- ১৮৮/২০২৬

যেহেতু, জনাব মোঃ সরাফ উদ্দিন সরকার, গ্রীজার, ড্রেজার-কপোতাক্ষ, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল ড্রেজারে কর্মরত থাকাকালীন সময়ে গত ২৪/০৭/২০২৫খ্রিঃ তারিখ দিবাগত রাতে মায়ারামপুর খনন এলাকা, বাঞ্ছারামপুর অবস্থানকালীন ড্রেজার-কপোতাক্ষ সংলগ্ন ক্রেনবোট খনিকা-১০ হতে ০৩টি ব্যাটারী এবং ব্যাটারী সংযুক্ত ক্যাবল চুরি হয়; এতে কর্তৃপক্ষের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে; যেহেতু, এ চুরির ঘটনায় তার সংশ্লিষ্টতা অনুমেয় হওয়ায় কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-১৪৫৭/২০২৫ তারিখঃ ১৭/০৮/২০২৫খ্রিঃ দ্বারা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৪১(১) প্রবিধান অনুসারে কর্তৃপক্ষের চাকুরী হতে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, ড্রেজার-কপোতাক্ষ সংলগ্ন ক্রেনবোট খনিকা-১০ হতে গত ২৪/০৭/২০২৫খ্রিঃ তারিখ রাতে ০৩টি ব্যাটারী এবং ব্যাটারী সংযুক্ত ক্যাবল চুরি হওয়ায় কর্তৃপক্ষের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে এবং এ চুরির ঘটনায় জনাব মোঃ সরাফ উদ্দিন সরকার, গ্রীজার(সাময়িক বরখাস্তকৃত), ড্রেজার-কপোতাক্ষ, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল(বর্তমান কর্মস্থল, ঢাকা) এর সংশ্লিষ্টতা অনুমেয়; যেহেতু, তার এরূপ কার্যকলাপ কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী শৃংখলা বিধির পরিপন্থি, যা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৫(ক) এবং ৩৫(খ) প্রবিধান অনুসারে "দায়িত্ব পালনে অবহেলা" এবং "অসদাচরণ" এর অন্তর্ভুক্ত হওয়ায় কর্তৃপক্ষের স্মারক নং-১৮. ৭০৭. ০৪৭. ০০. ০০. ৩২২. ২০২৫/২৪৭, তারিখঃ ২৪/০৯/২০২৫খ্রিঃ দ্বারা অভিযোগনামা জারীর মাধ্যমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়; যেহেতু, তিনি গত ২৯/০৯/২০২৫খ্রিঃ তারিখ অভিযোগনামার জবাব দাখিল করেন; যেহেতু, অভিযোগনামার জবাবের প্রেক্ষিতে গুরু দণ্ড আরোপের উদ্দেশ্যে বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৯(২)(গ) মোতাবেক কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-৫৯৮/২০২৬; তারিখঃ ০২/০৪/২০২৬খ্রিঃ দ্বারা জনাব মোঃ মজনু মিয়া, অতিরিক্ত প্রধান প্রটোশলী (মেরিন), ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা হিসেবে নিযুক্ত করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ০৬/০৫/২০২৬খ্রিঃ তারিখ চেয়ারম্যান মহোদয় বরাবর প্রতিবেদন দাখিল করেন; যেহেতু, দাখিলকৃত প্রতিবেদনে জনাব মোঃ সরাফ উদ্দিন সরকার, গ্রীজার (সাময়িক বরখাস্তকৃত) এর নামে আনীত অভিযোগের প্রেক্ষিতে গত ২৪/০৭/২০২৫খ্রিঃ তারিখ দিবাগত রাতে ড্রেজারে উপস্থিতির বিষয়ে অভিযোগনামার জবাবে ও তদন্ত কর্মকর্তার নিকট ভিন্ন ভিন্ন/অসত্য বক্তব্য দেওয়া আচরণ ও শৃংখলা ভঙ্গের জন্য তিনি দোষী; তবে ড্রেজারে চুরির ঘটনার সাথে তার সংশ্লিষ্টতার প্রমাণ পাওয়া যায়নি;

যেহেতু, প্রতিবেদন সহ নথি উপস্থাপন করা হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অভিযোগনামার জবাব, তদন্ত প্রতিবেদন এবং অন্যান্য রেকর্ডপত্র পরীক্ষান্তে জনাব মোঃ সরাফ উদ্দিন সরকার, গ্রীজার (সাময়িক বরখাস্তকৃত), ড্রেজার-কপোতাক্ষ, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল(বর্তমান কর্মস্থল, ঢাকা) এর প্রতি সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার এবং সাময়িক বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করে বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (অ) (ক) প্রবিধান মোতাবেক "তিরস্কার" লঘু দণ্ড আরোপ করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ সরাফ উদ্দিন সরকার, গ্রীজার, ড্রেজার-কপোতাক্ষ, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল এর প্রতি সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার এবং সাময়িক বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করে বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (অ) (ক) প্রবিধান মোতাবেক "তিরস্কার" লঘু দণ্ড আরোপ করে বিভাগীয় মামলার সকল কার্যক্রম পরিসমাপ্তি করা হলো; তিনি একই পদে বর্তমান কর্মস্থল ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকায় কাজে যোগদান করবেন;

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত


(মোঃ সাইফুল ইসলাম)

পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)

বিআইডব্লিউটিএ।

অনুলিপি : ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ০১। পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০২। পরিচালক, নিরীক্ষা বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৩। প্রধান প্রকৌশলী, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৪। পরিচালক, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৫। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল।
- ০৭। উপ-পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল।
- ০৮। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৯। ব্যক্তিগত সহকারী, সদস্য (প্রকৌশল) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ১০। জনাব মোঃ সরাফ উদ্দিন সরকার, গ্রীজার, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ১১। বক্তৃগত নথি।

  
০৪/০৬/২৬

পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)  
বিআইডব্লিউটিএ।